

বাংলাদেশ ফর্ম নং ৩৩৭৩

নং

পরবর্তী আইনের দ্বারা সংশোধিত ১৮৭০ সালের ৭ আইনমতে ব্যবহার্য কোর্টফিস
স্ট্যাম্প বিক্রয়ের লাইসেন্স পত্র।

সাকিনের

এর পুত্র

প্রতি

স্ট্যাম্প বিক্রয়ের জন্য সময়ে সময়ে গভর্নমেন্ট যে নিয়ম মঞ্জুর করেন তদধীনে
স্থানে পরবর্তী আইনের দ্বারা সংশোধিত ১৮৭০ সালের ৭ আইনমতে ব্যবহার্য কোর্ট ফিস স্ট্যাম্প বিক্রয়
করিতে আপনাকে এতদ্বারা ক্ষমতা দেওয়া গেল।

১। যে সকল আটাল কোর্ট ফিস স্ট্যাম্প ও ছাপযুক্ত কোর্ট ফিস স্ট্যাম্প কাগজের প্রত্যেক খানির
মূল্য ৫০ টাকার অনধিক আপনি এই লাইসেন্স পত্রের বলে কেবল তাহাই গভর্নমেন্ট ট্রেজারি হইতে লইয়া
বিক্রয় করিতে পারিবেন।

২। সাধারণের নিকট বিক্রয় করিবার সময় প্রত্যেক আটাল কোর্ট ফিস স্ট্যাম্প এই নিমিত্ত যে স্থান
সাদা রাখা হইয়াছে তথায় আপনি, ক্রেতার নাম, বিক্রয়ের তারিখ ও আপনার নাম লিখিবেন।

৩। আপনি যে ছাপযুক্ত কোর্ট-ফিস স্ট্যাম্প কাগজ বিক্রয় করেন তাহার প্রত্যেক খানির পৃষ্ঠে বিক্রয়ের
তারিখ, ক্রেতার নাম ও স্ট্যাম্পের সম্পূর্ণ মূল্য অক্ষরে লিখিয়া সেই পৃষ্ঠলিখনে আপনি দস্তখত করিবেন।

৪। আপনি যে স্থলে স্ট্যাম্প বিক্রয় করেন তাহার বাহিরে প্রকাশ্য স্থানে জেলার প্রচলিত ভাষায় আপনার
নাম ও “লাইসেন্সপ্রাপ্ত স্ট্যাম্প বিক্রেতা” এই শব্দগুলি লেখা এক সাইনবোর্ড লাগাইয়া রাখিবেন। আরও
আপনি আপনার লাইসেন্স এবং আপনি যে সকল স্ট্যাম্প বিক্রয় করেন ইংরাজী ও জেলার ভাষায় তৎসম্বন্ধীয়
ব্যবস্থাপক সভার আইন ও ঐ আইনের তফসিলগুলি ও কোর্ট ফিস স্ট্যাম্প বিক্রয়ের ব্যবস্থাকরণার্থে পরবর্তী
আইন দ্বারা সংশোধিত ১৮৭০ সালের ৭ আইনানুসারে প্রণীত বিধিগুলি বিক্রয়ের স্থানে এমন করিয়া রাখিবেন
যে, ক্রেতাগণ অনায়াসে তাহা দেখিতে ও পড়িতে পারে।

৫। আপনি ডিষ্ট্রিক্ট অফিসারকে বা তাহার নিকট যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন গেজেটে নাম লেখা
কর্মচারীকে এবং দেওয়ানী আদালতগুলির হাতার মধ্যে ডিষ্ট্রিক্ট জজকে অথবা তাহার নিকট যথাযথভাবে ক্ষমতা
প্রাপ্ত কোন গেজেট নাম লেখা কর্মচারীকে যে কোন সময়ে আপনার কার্য পরিদর্শন করিতে এবং আপনার
দখলে যে সমস্ত স্ট্যাম্প থাকে তাহা পরীক্ষা করিতে দিবেন।

৬। আপনি কোন স্ট্যাম্পের জন্য ঐ স্ট্যাম্পের লিখিত মূল্যের অতিরিক্ত মূল্য চাহিবেন না বা লইবেন না।

৭। আপনার নিকট বিক্রয়ার্থ যে কোন স্ট্যাম্প থাকিবে তাহা সরকার বাহাদুরের পক্ষে কোন ডিষ্ট্রিক্ট
অফিসারের গ্রহণীয় যে কোন প্রচলিত মুদ্রার মূল্য প্রদান করিয়া যে কোন ব্যক্তি চাহিলেই অনতিবিলম্বে ঐ
স্ট্যাম্প ঐ ব্যক্তিকে দিবেন।

৮। কোন কারণ প্রদর্শন না করিয়া যে কোন সময়ে আপনার লাইসেন্সপত্র রহিত হইতে পারিবে
এবং উপরোক্ত নিয়মের কোন রূপ লঙ্ঘন হইলে তন্নিমিত্ত পরবর্তী আইনের দ্বারা সংশোধিত ১৮৭০ সালের
৭ আইনের ৩৪ ধারানুসারে দণ্ড হইতে পারিবে।

জেলা

তারিখ

১৯

}

কালেক্টর বা ডেপুটি কমিশনার।